

“দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়”।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১১১.৩২.৬৪১.৯৫(অংশ-০৭).

তারিখঃ ১০/২০২০ খ্রিঃ।

তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র দপ্তরে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির আওতায় ভৌত কাজ বাস্তবায়নের লক্ষ্যে তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ গত ৩০/০৬/২০২০ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। সে কারণে ২০২০-২০২১ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি জমাদানের মেয়াদ গত ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কিছু সংখ্যক ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক নবায়ন ফি জমা প্রদান করতে না পারায় সময় বর্ধনের জন্য আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে আগামী ১০/১১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সময় বর্ধন করা হলো। সে মোতাবেক ২০২০-২০২১ অর্থ বছরের নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৫% হারে ৩০০/- টাকা মূল্য সংযোজন করসহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা সর্বশেষ আগামী ১০/১১/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব ও অর্থ বিভাগে (কক্ষ নং-৪১৯) জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ

- ১) যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) অর্থ বছরের নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন তারাও প্রতি অর্থ বছরের জন্য ১০০০/- (এক হাজার) টাকা জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারবেন। তবে এক নাগাড়ে ০৩ (তিন) অর্থ বছরের অধিককাল জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- ২) অত্র দপ্তরে তালিকাভুক্ত ঠিকাদারগণ লাইসেন্স নবায়ন করতঃ খাদ্য অধিদপ্তরধীন আঞ্চলিক কার্যালয় হতে সীমিত দরপত্র পদ্ধতি (LTM)'র আওতায় দরপত্রের অংশগ্রহণ করতে পারবে।
- ৩) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।
- ৪) ইহা মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে জারী করা হলো।

(এফ এম মিজানুর রহমান)

পরিচালক

ফোনঃ ৯৫৫৯৯৮৮

ই-মেইল : didts@dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১১১.৩২.৬৪১.৯৫(অংশ-০৭). ৯৩৪ (৯)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

তারিখঃ ২১/১০/২০২০ খ্রিঃ।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল),
- ৫। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য সন্ত্রালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
- ৭। নোটিশ বোর্ড, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৮। মাষ্টার কপি;
- ৯। অফিস কপি।

পরিচালক

পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।